# মতপ্রকাশের স্বাধীনতাই জুলাইয়ের চেতনা: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, দেশের রাজনীতিতে ভিন্নমতকে দমন নয়, বরং সম্মান ও গ্রহণযোগ্যতার সংস্কৃতি গড়ে তুলতে হবে। বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) ভোরে নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে তিনি এ মন্তব্য করেন।

পোস্টে তিনি উল্লেখ করেন, জুলাই মাসের আন্দোলনের মূল দাবি ছিল মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত করা। গত ১৭ বছরের স্বৈরাচারী সময়ে বর্তমান ক্ষমতাসীন দল ও তাদের দল—উভয়ই মতপ্রকাশের ক্ষেত্রে নানা বাধা ও নিপীড়নের মুখে পড়েছে বলে দাবি করেন তিনি। সেই পরিস্থিতিতে দেশকে আর ফিরিয়ে নেওয়া যাবে না বলেও মন্তব্য করেন জামায়াত আমির।

ডা. শফিকুর রহমান আরও বলেন, একটি কার্যকর গণতন্ত্রের ভিত্তি হলো স্বাধীন গণমাধ্যম। রাজনৈতিক ভিন্নতা থাকতেই পারে, তবে তা দমন করার সংস্কৃতি পরিহার করে সহনশীল ও ইতিবাচক রাজনৈতিক চর্চা প্রতিষ্ঠা করা প্রয়োজন।

LENS ASIA